

ঢাবি ভর্তি পরীক্ষার প্রশ্ন নিয়ে শিক্ষামন্ত্রীর মন্তব্যের সত্যতা নেই

-----ঢাবি উপাচার্য

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র নিয়ে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের করা মন্তব্যের প্রমাণ চেয়েছেন ঢাবি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম'স আরোফিন সিদ্দিক। তিনি বলেন, প্রশ্নপত্র নিয়ে শিক্ষামন্ত্রীর বক্তব্যেও কোনো সত্যতা নেই। কার বা কোনো শিক্ষকের কাছে মন্ত্রী এমন অসত্য তথ্য গুনেছেন তা তিনি স্পষ্ট করেননি।

গতকাল শুক্রবার ঢাবির সামাজিক বিজ্ঞান অনুষদভুক্ত 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা চলাকালে এক প্রশ্নের জবাবে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

উপাচার্য বলেন, ঢাবির প্রশ্ন প্রণয়নের স্বচ্ছতা এবং মান দেশব্যাপী স্বীকৃত। কোনো কিছু দেখে আমরা বিশ্ববিদ্যালয়ের প্রশ্ন প্রণয়ন করি না। বিশ্ববিদ্যালয়ে প্রশ্ন প্রণয়নে একটি প্রক্রিয়া আছে। যেখানে সম্পূর্ণ স্বচ্ছতা মেইনটেইন করা হয়।

প্রসঙ্গত, গত বুধবার সচিবালয়ে জেএসসি-জেডিসি পরীক্ষার প্রস্তুতি সভায় শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থী বাছাইয়ে ফুটপাত থেকে অখ্যাত লেখকদের বই কিনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার প্রশ্ন করা হয়।

উপাচার্য আরো বলেন, আমরা একজন শিক্ষার্থীর উচ্চশিক্ষা অর্জনের যোগ্যতা যাচাই করি। টেক্সটবুক থেকে ঢাবি ভর্তি পরীক্ষার প্রশ্ন করা হয়। কোনো গাইড বইয়ের সঙ্গে যদি তা মিলে যায়, তাহলে আমাদের কিছু করার নেই।